গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
মৎস্য-২ অধিশাখা
www.mofl.gov.bd

নং-৩৩.০০.০০০০.১২৭.১২.০০৩.১৭-৯২

তারিখঃ ৩০ চৈত্র ১৪২৭ বঙ্গাব্দ
১৩ এপ্রিল ২০২১ খ্রিস্টাব্দ

বিষয়ঃ **২০২০-২১ অর্থবছরে জাটকা আহরণে বিরত থাকা জেলেদের জীবনযাত্রা নির্বাহের জন্য মানবিক সহায়তা কর্মসূচির আওতায় ভিজিএফ (চাল) এর ২য় কিস্তি (এপ্রিল-মে) বরাদ্দ প্রদান সংক্রান্ত।**

সূত্রঃ (ক) অর্থ বিভাগের পত্র নং-০৭.০০.০০০০.১০৩.২০.০২৮.১৩ (অ-১)-১২৬; তারিখঃ ১৬/০৩/২০২১ খ্রি.।
(খ) মহাপরিচালক, মৎস্য অধিদপ্তরের পত্র নং-৩৩.০২.০০০০.৯২৭.৩৩.০০১.২০-১৯৬; তারিখঃ ০৩/০২/২০২১ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রদ্বয়ের পরিপ্রেক্ষিতে, মানবিক সহায়তা কর্মসূচির আওতায় চলতি ২০২০-২১ অর্থবছরে জাটকা আহরণ নিষিদ্ধকালীন ২০ জেলার ৯৮ টি উপজেলার জাটকা আহরণে বিরত থাকা ৩,৭৩,৯৯৬ (তিন লক্ষ তিয়াত্তর হাজার নয়শত ছিয়ানব্বই) টি জেলে পরিবারকে বিতরণের নিমিত্ত ২য় কিস্তিতে (এপ্রিল-মে/২০২১) পরিবার প্রতি মাসে ৪০ কেজি হারে (২ মাসে ৮০ কেজি) মোট ২৯,৯১৯.৬৮ মে.টন (উনত্রিশ হাজার নয়শত উনিশ দশমিক ছয় আট মে.টন) ভি.জি.এফ (চাল) এর বরাদ্দ নিম্নবর্ণিতভাবে জেলা প্রশাসকগণের অনুকূলে মঞ্জুরি জ্ঞাপন করা হলোঃ

| ক্র.নং | বিভাগের নাম | জেলার নাম | উপজেলার সংখ্যা | জাটকা সম্পৃক্ত উপজেলার নাম | ২০২০-২১ অর্থবছরে ২য় কিস্তিতে (এপ্রিল-মে) ভিজিএফ বরাদ্দের জন্য জেলে পরিবারের সংখ্যা | ২০২০-২১ অর্থবছরে ২য় কিস্তিতে প্রতিমাসে ৪০ কেজি হারে ২ মাসের জন্য খাদ্যশস্যের বরাদ্দ (মে.টন) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ১ | ঢাকা | ঢাকা | ২ | দোহার, নবাবগঞ্জ | ১২০০ | ৯৬.০০ | |
| ২ | | মানিকগঞ্জ | ৩ | শিবালয়, দৌলতপুর, হরিরামপুর | ৩০০০ | ২৪০.০০ | পরিবার প্রতি মাসে ৪০ কেজি হারে (এপ্রিল-মে) ০২ মাসের জন্য ৮০ কেজি |
| ৩ | | মুন্সীগঞ্জ | ৫ | সদর, শ্রীনগর, টঙ্গিবাড়ি, লৌহজং, গজারিয়া | ২৯৭২ | ২৩৭.৭৬ | |
| ৪ | | ফরিদপুর | ৪ | সদর, মধুখালী, চরভদ্রাসন, সদরপুর | ১৫৩৭ | ১২২.৯৬ | |
| ৫ | | রাজবাড়ী | ৪ | সদর, গোয়ালন্দ, কালুখালী, পাংশা | ৩৫০০ | ২৮০.০০ | |
| ৬ | | শরীয়তপুর | ৪ | জাজিরা, ভেদরগঞ্জ, নড়িয়া, গোসাইরহাট | ১৬০০০ | ১২৮০.০০ | |
| ৭ | | মাদারীপুর | ৩ | সদর, শিবচর, কালকিনি | ৪০০০ | ৩২০.০০ | |
| | ঢাকা বিভাগে সর্বমোট | | ২৫ | | ৩২২০৯ | ২৫৭৬.৭২ | |
| ৮ | চট্টগ্রাম | চট্টগ্রাম | ৬ | আনোয়ারা, মীরসরাই, বাঁশখালী, সীতাকুন্ড, সন্দ্বীপ, মহানগর | ১০৫০০ | ৮৪০.০০ | |
| ৯ | | ফেনী | ১ | সোনাগাজী | ১২০ | ৯.৬০ | |
| ১০ | | নোয়াখালী | ৪ | সদর, কোম্পানিগঞ্জ, হাতিয়া, সুবর্ণচর | ৮০০০ | ৬৪০.০০ | |
| ১১ | | লক্ষ্মীপুর | ৪ | সদর, রামগতি, রায়পুর, কমলনগর | ৩০০০০ | ২৪০০.০০ | |
| ১২ | | চাঁদপুর | ৪ | সদর, হাইমচর, মতলব উত্তর, মতলব দক্ষিণ | ৪৮০০০ | ৩৮৪০.০০ | |
| | চট্টগ্রাম বিভাগে সর্বমোট | | ১৯ | | ৯৬,৬২০ | ৭৭২৯.৬০ | |

| ক্র.ন. | বিভাগের নাম | জেলার নাম | উপজেলার সংখ্যা | জাটকা সম্পৃক্ত উপজেলার নাম | ২০২০-২১ অর্থবছরে ২য় কিস্তিতে (এপ্রিল-মে) ভিজিএফ বরাদ্দের জন্য জেলে পরিবারের সংখ্যা | ২০২০-২১ অর্থবছরে ২য় কিস্তিতে প্রতিমাসে ৪০ কেজি হারে ২ মাসের জন্য খাদ্যশস্যের বরাদ্দ (মে.টন) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ১৩ | | বাগেরহাট | ৮ | সদর, মোংলা, মোড়েলগঞ্জ, কচুয়া, রামপাল, চিতলমারি, শরণখোলা, ফকিরহাট | ১০০০০ | ৮০০.০০ | |
| | **খুলনা বিভাগে সর্বমোট** | | **৭** | | **১০০০০** | **৮০০.০০** | |
| ১৪ | | সিরাজগঞ্জ | ৫ | সদর, চৌহালি, বেলকুচি, কাজীপুর, শাহজাদপুর | ৩০৯৬ | ২৪৭.৬৮ | |
| | **রাজশাহী বিভাগে সর্বমোট** | | **৫** | | **৩০৯৬** | **২৪৭.৬৮** | |
| ১৫ | বরিশাল | বরিশাল | ৯ | সদর, মেহেন্দিগঞ্জ, মুলাদী, হিজলা, বাবুগঞ্জ, বানারীপাড়া, উজিরপুর, গৌরনদী, বাকেরগঞ্জ | ৪৪০০০ | ৩৫২০.০০ | পরিবার প্রতি মাসে ৪০ কেজি হারে (এপ্রিল-মে) ০২ মাসের জন্য ৮০ কেজি |
| ১৬ | | পিরোজপুর | ৭ | মঠবাড়ীয়া, সদর, ভান্ডারিয়া, নেছারাবাদ, নাজিরপুর, ইন্দুরকানী, কাউখালী | ১৭৬৮২ | ১৪১৪.৫৬ | |
| ১৭ | | পটুয়াখালী | ৮ | সদর, কলাপাড়া, বাউফল, গলাচিপা, রাঙ্গাবালি, মির্জাগঞ্জ, দশমিনা, দুমকি | ৫৩১১৮ | ৪২৪৯.৪৪ | |
| ১৮ | | ভোলা | ৭ | সদর, বোরহানউদ্দীন, চরফ্যাশন, দৌলতখান, লালমোহন, তজুমুদ্দিন, মনপুরা | ৮৬০৭১ | ৬৮৮৫.৬৮ | |
| ১৯ | | বরগুনা | ৬ | সদর, আমতলী, তালতলী, পাথরঘাটা, বামনা, বেতাগী | ২৮০০০ | ২২৪০.০০ | |
| ২০ | | ঝালকাঠি | ৪ | সদর, কাঁঠালিয়া, নলছিটি, রাজাপুর | ৩২০০ | ২৫৬.০০ | |
| | **বরিশাল বিভাগে সর্বমোট** | | **৪১** | | **২,৩২,০৭১** | **১৮,৫৬৫.৬৮** | |
| | **সর্বমোট** | | **৯৮** | | **৩,৭৩,৯৯৬** | **২৯,৯১৯.৬৮ মে.টন** | |

২। জেলা প্রশাসকগণ মঞ্জুরিকৃত ভিজিএফ চাল জাটকা আহরণ নিষিদ্ধকালীন জাটকা আহরণে বিরত থাকা নিবন্ধিত মৎস্যজীবীদের মধ্যে মানবিক সহায়তা কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকা, ২০১২-১৩ অনুসরণপূর্বক যথানিয়মে ১২/০৫/২০২১ খ্রি. তারিখের মধ্যে উত্তোলন ও বিতরণ/বন্টন সম্পন্ন করবেন ও নিরীক্ষার জন্য প্রয়োজনীয় হিসাব সংরক্ষণ করবেন।

৩। ১ম কিস্তিতে (ফেব্রুয়ারি-মার্চ ২০২১) যে সকল জেলেরা মানবিক খাদ্য সহায়তা পায়নি এ বরাদ্দ বিতরণের ক্ষেত্রে তাদেরকে অবশ্যই অগ্রাধিকার প্রদান করতে হবে।

৪। জেলা প্রশাসকগণ বরাদ্দ প্রাপ্তির ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে উপজেলা নির্বাহী অফিসারহগণের অনুকূলে উপ-বরাদ্দ প্রদান করবেন এবং সংশ্লিষ্ট জেলা মৎস্য কর্মকর্তাগণকে অবহিত করবেন।

৫। উপজেলা নির্বাহী অফিসারগণ উপ-বরাদ্দ প্রাপ্তির ০৫ (পাঁচ) কর্মদিবসের মধ্যে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের অনুকূলে ডিও (ছাড়পত্র) প্রদান করবেন এবং বিতরণসূচি তৈরি করে উপজেলা মৎস্য কর্মকর্তাকে অবহিত করবেন।

৬। জেলা প্রশাসকগণ ভিজিএফ চাল বরাদ্দের বিষয়ে সংশ্লিষ্ট এলাকার মাননীয় সংসদ সদস্যকে অবহিত রাখবেন।

৭। জেলা প্রশাসকগণ কর্তৃক ভিজিএফ (চাল) বিতরণ কার্যক্রমের সাথে সমন্বয় করে জেলা মৎস্য কর্মকর্তাগণ কার্যক্রম শেষে মহাপরিচালক, মৎস্য অধিদপ্তরের বরাবরে প্রতিবেদন প্রেরণ করে মন্ত্রণালয়কে অবহিত করবেন।

৮। ভিজিএফ (চাল) বিতরণকালে উপজেলা মৎস্য কর্মকর্তা বা তার প্রতিনিধি এবং ট্যাগ অফিসারের উপস্থিতি নিশ্চিত করতে করতে হবে। উল্লেখ্য, কার্ডধারী জেলে ব্যতীত অন্য কাউকে এ ভিজিএফ প্রদান করা যাবেনা।

৯। চলতি ২০২০-২১ অর্থ বছরে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের বাজেট কোড নং-"১২০০০১৯০৩-৩৭২২১০১ এাণ কার্য (চাল)" খাত হতে ব্যয় নির্বাহ হবে।

১০। এ সরকারি আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনের প্রেক্ষিতে জারি করা হলো।

১৩/০৪/২১

(সুবোধ চন্দ্র ঢালী)
যুগ্মসচিব
ফোন-৯৫৪০২৫০
ই-মেইলঃ fisheries-2@mofl.gov.bd

জেলা প্রশাসক
ঢাকা/মানিকগঞ্জ/মুন্সীগঞ্জ/ফরিদপুর/রাজবাড়ী/শরীয়তপুর/
মাদারীপুর/চট্টগ্রাম/ফেনী/নোয়াখালী/লক্ষ্মীপুর/চাঁদপুর/
বাগেরহাট/সিরাজগঞ্জ/বরিশাল/পিরোজপুর/পটুয়াখালী/
ভোলা/বরগুনা/ঝালকাঠি।

নং-৩৩.০০.০০০০.১২৭.১২.০০৩.১৭-৯২(১৭)

তারিখঃ ৩০ চৈত্র ১৪২৭ বঙ্গাব্দ / ১৩ এপ্রিল ২০২১ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। মুখ্যসচিব, মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।

০৩। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৪। সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।

০৫। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা।

০৬। মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।

০৭। মাননীয় প্রধানমন্ত্রীর একান্ত সচিব-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।

০৮। মন্ত্রীর একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।

০৯। সচিবের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১০। উপসচিব (বাজেট), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১১। উপপরিচালক, মৎস্য অধিদপ্তর,ঢাকা/চট্টগ্রাম/বরিশাল/খুলনা/রাজশাহী।

১২। জেলা মৎস্য কর্মকর্তা, ঢাকা/মানিকগঞ্জ/মুন্সীগঞ্জ/ফরিদপুর/রাজবাড়ী/শরীয়তপুর/মাদারীপুর/চট্টগ্রাম/ফেনী/নোয়াখালী/লক্ষ্মীপুর/চাঁদপুর/বাগেরহাট/সিরাজগঞ্জ/বরিশাল/পিরোজপুর/পটুয়াখালী/ভোলা/বরগুনা/ঝালকাঠি।

১৩। চিফ একাউন্টস এন্ড ফাইন্যান্স অফিসার, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

১৪। জেলা খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা/মানিকগঞ্জ/মুন্সীগঞ্জ/ফরিদপুর/রাজবাড়ী/শরীয়তপুর/মাদারীপুর/চট্টগ্রাম/ফেনী/নোয়াখালী/লক্ষ্মীপুর/চাঁদপুর/বাগেরহাট/সিরাজগঞ্জ/বরিশাল/পিরোজপুর/পটুয়াখালী/ভোলা/বরগুনা/ঝালকাঠি।

১৫। সিস্টেম এনালিস্ট, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (জিওটি ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।

১৬। জনসংযোগ কর্মকর্তা (পিআরও), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১৭। অফিস কপি/মাস্টার কপি।

(সুবোধ চন্দ্র ঢালী)
যুগ্মসচিব